
## 'নৈপুণ্য' মূল্যায়ন সিস্টেমে ৬ষ্ঠ থেকে ৭ম এবং ৭ম থেকে ৮ম শ্রেনিতে শিক্ষার্থী প্রমোশন দেওয়ার প্রক্রিয়া


**ধাপ ১:**

শিক্ষার্থীদের নতুন ক্লাসে যুক্ত করার জন্য প্রতিষ্ঠান প্রধান 'নৈপুণ্য' সিস্টেমে লগইন করুন। এরপর প্রদর্শিত মেনু বার থেকে **'নতুন ক্লাসে যুক্তকরুন'** অপশনে ক্লিক করুন।





**ধাপ ২:**

৬ষ্ঠ শ্রেনি থেকে শিক্ষার্থীদের ৭ম শ্রেনিতে শিক্ষার্থীদের প্রমোশন দিতে হলে প্রথমে **'পূর্ববর্তী ক্লাসের শিক্ষার্থীর তথ্য অনুসন্ধান করুন'** পেজ থেকে ৬ষ্ঠ শ্রেনির শিক্ষার্থীর অনুসন্ধান করুন। শিক্ষার্থীর তথ্য অনুসন্ধানের জন্য ব্রাঞ্চ, শিফট, ভার্সন, ক্লাস এবং সেকশন নির্বাচন করুন। এরপর **'খুঁজুন'** অপশনে ক্লিক করুন।





**ধাপ ৩:**


**'খুঁজুন'** অপশনে ক্লিক করার পর **'পূর্ববর্তী ক্লাসের শিক্ষার্থীর তথ্য'** শিরোনামে নতুন ক্লাসে (৭ম শ্রেণি) উত্তীর্ণ হওয়ার জন্য অপেক্ষমান শিক্ষার্থীর তালিকা আসবে। এই তালিকা থেকে সকল শিক্ষার্থী অথবা নির্বাচিত শিক্ষার্থীদের সিলেক্ট করে **'পরবর্তী ধাপ'** বাটনে ক্লিক করুন। এভাবে নির্বাচিত শিক্ষার্থীরা পরবর্তী ক্লাসের (৭ম শ্রেনি) একই সেকশনে যুক্ত হতে পারবে।




**ধাপ ৪:**


এবার নতুন ক্লাসে সংযুক্ত হওয়ার জন্য অপেক্ষমান শিক্ষার্থীদের নতুন ক্লাসের তথ্য প্রদান করুন এবং তালিকার প্রতিটি শিক্ষার্থীর ৭ম শ্রেনির জন্য প্রযোজ্য রোল নম্বর প্রদান করুন। সকল তথ্য প্রদান শেষে **'তথ্য সংযোজন করুন'** অপশনে ক্লিক করে শিক্ষার্থীদের ৭ম শ্রেনিতে যুক্ত করে নিন।






**ধাপ ৫:**


কোন শিক্ষার্থীর তথ্যে প্রদানে ভুল হলে অথবা তথ্য সম্পাদনা করতে 'শিক্ষার্থী ব্যবস্থাপনা' থেকে ৭ম শ্রেনির শিক্ষার্থী তালিকা থেকে **'একশন (action)'** বাটনে ক্লিক করে প্রয়োজনীয় তথ্য হালনাগাদ করুন।





একইভাবে আমরা ৭ম থেকে ৮ম শ্রেনিতে শিক্ষার্থী প্রমোটি করতে পারি।

## 'নৈপুণ্য' মূল্যায়ন সিস্টেমে ৬ষ্ঠ ও ৯ম শ্রেণিতে নতুন শিক্ষার্থী রেজিস্ট্রেশন প্রক্রিয়া

**ধাপ ১:**
নতুন শিক্ষার্থী যুক্ত করার জন্য মেনু থেকে **'নতুন শিক্ষার্থী যুক্ত করুন'** অপশনে প্রবেশ করুন অথবা **'ব্যবস্থাপনা'** বাটন থেকে **'শিক্ষার্থী ব্যবস্থাপনা'** তে প্রবেশ করুন ।




**ধাপ ২:**
**'একাধিক শিক্ষার্থীর'** তথ্য যুক্ত করার জন্য অবশ্যই **'নমুনা ফাইল'টি** ডাউনলোড করে নির্ধারিত সেলে ডাটা এন্ট্রি করুন। এরপর ব্রাঞ্চ, শিফট, ভার্সন, ক্লাস এবং সেকশন নির্বাচন করে নিন। এরপর পূরণকৃত ফাইলটি আপলোড করুন। তাহলে এক্সেল ফাইলে প্রদত্ত শিক্ষার্থীর তথ্য উল্লেখিত শ্রেনির সেকশনে দেখা যাবে। উক্ত এক্সেল ফাইলের সবগুলো কলাম অবশ্যই পূরণ করতে হবে।






ধাপ ৩:

**'একজন শিক্ষার্থী যোগ করুন'** অপশনে ক্লিক করে এককভাবে শিক্ষার্থীদের যুক্ত করুন। এ পর্যায়ে একজন শিক্ষার্থীর সকল তথ্য প্রদান করে ফর্মটি পুরণ করুন এবং আপলোড করুন। এভাবে ৬ষ্ঠ ও ৯ম শ্রেনিতে নতুন করে শিক্ষার্থী যুক্ত করা যাবে। একইভাবে ৭ম ও ৮ম শ্রেনিতে নতুন শিক্ষার্থী যুক্ত করা যাবে। এখানেও সকল ঘরের তথ্য সঠিকভাবে দিতে হবে।

